

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইন্সটন রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd

স্মারক নং-১৬.০২.০০০০.০৩৪.৩১.০০০.৩৮/২৭৮

তারিখঃ ১৪ ৩২
২০২৬

বিষয়: চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলাধীন আমিন শরীফ মিস্ত্রি ওয়াক্ফ এস্টেট (ই.সি নং-৫২২২) এর অফিসিয়াল মোতাওয়াল্লী নিয়োগ।

- সূত্র: (১) মোহাম্মদ ইউসুফ আলী গং কর্তৃক দাখিলকৃত গত ১৫.০৯.২০২৫ তারিখের আবেদন।
(২) জনাব মো: মাজহারুল ইসলাম কর্তৃক দাখিলকৃত গত ০১.১১.২০২৫ খ্রিঃ তারিখের আবেদন।
(৩) মো: দিদারুল ইসলাম গং কর্তৃক দাখিলকৃত গত ১১.১১.২০২৫ তারিখের আবেদন।
(৪) স্থানীয় ওয়াক্ফ পরিদর্শক কর্তৃক ০২.০৩.২০২৬ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলাধীন আমিন শরীফ মিস্ত্রি ওয়াক্ফ এস্টেটটির সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনার স্বার্থে তাকে (মো: শহিদুল ইসলাম) আদেশ জারীর তারিখ হতে নিম্নোক্ত শর্তে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদে নির্দেশক্রমে অফিসিয়াল মোতাওয়াল্লী নিয়োগ করা হলো।

শর্তাবলি

- ১। ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি বিধান এবং ওয়াক্ফ দলিল (যদি থাকে) অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে। ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে অফিসিয়াল মোতাওয়াল্লী দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- ২। ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন প্রতি অর্থ বছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিকভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
- ৩। প্রতি বছর ১৫ জুলাই এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
- ৪। ওয়াক্ফ এস্টেটের নামে যে কোন তফসিলি ব্যাংকে যৌথ ব্যাংক হিসাব খুলে সকল প্রকার লেনদেন ঐ হিসাবের মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথ ভাবে অনুসরণ করতে হবে;
- ৫। ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ব (রেকর্ড অব রাইটস) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবে না;
- ৬। এস্টেটের বিচারাধীন মামলা সমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
- ৭। প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;


গোলাম সরোয়ার
সহকারী প্রশাসক (চঃ দাঃ)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।

জনাব মো: শহিদুল ইসলাম
অফিসিয়াল মোতাওয়াল্লী
আমিন শরীফ মিস্ত্রি ওয়াক্ফ এস্টেট
পিতা-মৃত নুরুল ইসলাম
সাং ধর্মপুর, পো: আজাদী বাজার
উপজেলা/থানা: ফটিকছড়ি, জেলা: চট্টগ্রাম।

স্মারক নং-১৬.০২.০০০০.০৩৪.৩১.০০০.৩৮/

তারিখঃ ১৪ ৩২
২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে-

- ১। ওয়াক্ফ পরিদর্শক, চট্টগ্রাম অঞ্চল-১, ওয়াক্ফ পরিদর্শকের কার্যালয়, "নহিমুন ভবন", ১২১ নুর আহম্মদ সড়ক, চট্টগ্রাম।

সহকারী প্রশাসক (চঃ দাঃ)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।